গোপালগঞ্জে পৌর বিএনপি সভাপতির বাড়িতে অগ্নিসংযোগ



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় পৌর বিএনপির সভাপতি ইমদাদুল হক মোল্লার বাসভবনে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। রোববার (১৫ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার পাটগাতী বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

এর আগে একই দিন বিকেলে টুঙ্গিপাড়া সরকারি কলেজ সড়ক এলাকায় বিএনপি নেতা রাকিবের একটি ফার্নিচারের দোকানে আগুন দেওয়ার ঘটনা ঘটে। এ সময় দায়িত্ব পালনকালে হামলার শিকার হন পুলিশের গাড়িতে অগ্নিসংযোগের মামলার বাদী এসআই মোসলেম আলী। দুর্বৃত্তদের ধারালো অস্ত্রের আঘাতে তিনি গুরুতর আহত হন। পরে তাঁকে উন্নত চিকিৎসার জন্য গোপালগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, গত ১৩ নভেম্বর পুলিশের গাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করেন এসআই মোসলেম আলী। মামলায় ২ হাজার ২২৪ জনকে আসামি করা হয়েছে। তাঁদের মধ্যে ২২৪ জনের নাম উল্লেখ রয়েছে, বাকি ২ হাজার জন অজ্ঞাতনামা।

এর আগে ১০ নভেম্বর টুঙ্গিপাড়ায় পুলিশের একটি পিকআপ ভ্যানে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। ওই দিন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে উপজেলার বিভিন্ন স্থানে অবস্থান নেন। তাঁদের বিক্ষোভ ও ভাঙচুরের একপর্যায়ে পুলিশের গাড়িতে আগুন দেওয়া হয়।

টুঙ্গিপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আইয়ুব আলী জানান, রোববার বিকেলে দেশীয় অস্ত্র ও লাঠিসোঁটা নিয়ে উপজেলা সদরে মিছিল বের করেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। এ সময় দায়িত্ব পালনকালে এসআই মোসলেম আলীর ওপর হামলা চালানো হয়।